**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 29-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-50 PM** **Compiling : NBR/ Suvangkar B.**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোট কেন্দ্রের পুনর্বিন্যাস প্রসঙ্গে নির্বাচন কমিশন আজ বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করেছে।

২/ বিহারের দ্বারভাঙ্গায় কংগ্রেসের ভোটাধিকার যাত্রার প্রকাশ্য মঞ্চ থেকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তাঁর মা-কে নিয়ে অশালীন মন্তব্যের তীব্র নিন্দা করেছে বিজেপি।

৩/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে নিয়ে বিতর্কিত মন্তব্যের জন্য বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের গ্রেপ্তারির দাবী জানিয়েছে।

৪/ ২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিলের নতুন পরীক্ষা, নির্ধারিত দিনেই হবে বলে সুপ্রিম কোর্ট আবারো জানিয়েছে। # সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অযোগ্য প্রার্থীদের তালিকা, আগামীকাল ঘোষণা হতে পারে বলে, SSC-র তরফে আদালতে জানানো হয়েছে।

৫/ আরজিকর হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় আজ CBI, পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষকে জেরা করেছে।

৬/ কিংবদন্তী হকি খেলোয়াড় ধ্যানচাঁদের জন্মদিনে গোটা দেশে আজ জাতীয় ক্রীড়া দিবস পালিত হচ্ছে ।

**********************************************************************

ভোট কেন্দ্রের পুনর্বিন্যাস প্রসঙ্গে জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো রিপোর্ট নিয়ে বিজেপি, সিপিআইএমের মতো বিভিন্ন রাজনৈতিক দল আপত্তি জানানোয় নির্বাচন কমিশন এ ব্যাপারে তাদের মতামত দেওয়ার সময়সীমা বাড়িয়েছে। আগামী ৮ই সেপ্টেম্বর বিকেল ৫ টার মধ্যে রাজনৈতিক দলগুলিকে এ প্রসঙ্গে নিজেদের মতামত ও পরামর্শ জমা দিতে বলা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি আজ ভোটকেন্দ্রের পুনর্বিন্যাস নিয়ে আলোচনা করতে তৃণমূল কংগ্রেস, বিজেপি, সিপিআইএম কংগ্রেস সহ ৮ টি স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেন। বৈঠকের পরে মুখ্য নির্বাচনী আধিকারিক সাংবাদিকদের বলেন, আগামী বিধানসভা নির্বাচনের আগে বিভিন্ন জেলায় ১৩ হাজারের বেশি ভোটগ্রহণ কেন্দ্র বাড়ছে। অধিকাংশ নতুন কেন্দ্র প্রসঙ্গে কোন রাজনৈতিক দল কোন আপত্তি জানায়নি। তবে চার শতাংশের মত বুথ নিয়ে সমস্যার কথা উঠে এসেছে। সেগুলি পর্যালোচনা করে দেখা হবে।

*************************

বিহারের দ্বারভাঙ্গায় কংগ্রেসের ভোটাধিকার যাত্রার প্রকাশ্য মঞ্চ থেকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তাঁর মা-কে নিয়ে অশালীন মন্তব্যের যে অভিযোগ উঠেছে, তার তীব্র নিন্দা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, কংগ্রেস নেতা মহম্মদ রিজভি-র এধরণের ন্যাক্কারজনক মন্তব্য চলাকালীন মঞ্চে লোকসভার বিরোধী নেতা রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা ভদ্‌রা, তেজস্বী যাদব সহ I-N-D-I-A জোটের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিতি থাকলেও, তাঁরা ঘটনার প্রতিবাদ করেন নি। দেশের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্যের অভিযোগে বিহার পুলিশ ওই ব্যক্তিকে গ্রেপ্তার করায় সাধুবাদ জানিয়েছেন তিনি।

এদিকে, এই ঘটনার পরই বিজেপির একদল নেতাকর্মী আজ কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়- বিধান ভবনে বিক্ষোভ দেখান। রাহুল গান্ধী সহ অন্যান্য কংগ্রেস নেতাদের ছবি ছিঁড়ে কালি লাগিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। গোটা ঘটনা নিয়ে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যকে খোলা চিঠি দিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস কার্যালয়ের এই ঘটনা, ‘আবেগের স্বতস্ফূর্ত বহিঃপ্রকাশ ‘বলে বিজেপি দাবী করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের নেত্রী **কেয়া ঘোষ** জানান, এধরণের আচরণ কখনোই কাম্য নয়।

( বাইট- কেয়া ঘোষ )

*************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্-কে নিয়ে বিতর্কিত মন্তব্যের জন্য বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্রের গ্রেপ্তারির দাবী জানিয়েছে। কলকাতায় ওই সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র ডক্টর শতরূপা বলেন, এর আগেও মহুয়া মৈত্র এধরণের কুরুচিকর মন্তব্য করেছেন। তবে স্বরাষ্ট্র মন্ত্রীকে নিয়ে করা এবারের মন্তব্য, যাবতীয় সীমা লঙ্ঘন করেছে। ইতমধ্যেই তৃণমূল সাংসদের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হয়েছে। পুলিশ তাঁর বিরুদ্ধে ব্যবস্থা না নিলে আগামী দিনে দল বৃহত্তর আন্দোলনে পথে নামবে।

( বাইট- ডক্টর শতরূপা )

*************************

২০১৬ সালের স্কুল সার্ভিস কমিশনের চাকরি বাতিলের নতুন পরীক্ষা, নির্ধারিত দিনেই হবে বলে সুপ্রিম কোর্ট আবারো জানিয়েছে। দুই বিচারপতি সঞ্জয় কুমার ও সতীশচন্দ্র শর্মার বেঞ্চ, পরীক্ষার দিনক্ষণ পিছিয়ে দেওয়ার আর্জি, আজ খারিজ করে দিয়ে বলেছেন, সময়সূচী কোনোভাবেই পরিবর্তন করা হবে না। স্কুল সার্ভিস কমিশন ৭ ও ১৪ সেপ্টেম্বর যে পরীক্ষার দিন নির্ধারণ করেছে সেই দিনই পরীক্ষা নেওয়া হবে। কোনো অযোগ্য প্রার্থী যেন পরীক্ষায় বসতে না পারে, তা’ও SSC-কেই সুনিশ্চিত করতে হবে বলে শীর্ষ আদালত স্পষ্ট জানিয়েছে।

আজ আদালতে SSC জানায়, টেন্টেড বা অযোগ্য প্রার্থীদের তালিকা, আগামীকালের মধ্যে প্রকাশ করা হতে পারে।

উল্লেখ্য, সাত দিনের মধ্যে অযোগ্যদের তালিকা প্রকাশ করার জন্য সুপ্রিম কোর্ট, গতকালই স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দেয়।

এদিকে, আসন্ন SSC পরীক্ষায় 'স্পেশাল বিএড'-দের আবেদন করার সুযোগ দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায় আজ এক নির্দেশে জানিয়েছেন, বিএড-দের মতই স্পেশাল বিএড-রা, এই পরীক্ষায় আবেদন জানাতে পারবেন।

উল্লেখ্য, বিএড এবং স্পেশাল বিএড, দুটি ডিগ্রিকেই একই মান্যতা দেওয়া হয়। তারই প্রেক্ষিতে স্পেশাল বিএড প্রার্থীদের আবেদন বাতিল করা যাবেনা বলে হাইকোর্টের অভিমত।

**************************

আরজিকর হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় আজ CBI আধিকারিকরা, পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষের বাড়িতে যান। দুপুর আড়াইটে নাগাদ কেন্দ্রীয় বাহিনী সঙ্গে নিয়ে অতীন ঘোষের শ্যামবাজারের বাড়িতে পৌঁছন তদন্তকারী আধিকারিকরা। ঘন্টা দুয়েক জিজ্ঞাসাবাদের পর অবশ্যে বেরিয়েও যান তাঁরা।

RG KAR হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার পরই সেখানে আর্থিক দুর্নীতির বিষয়টি প্রকাশ্যে আসে। জানা গেছে, ঐ হাসপাতালে প্রাক্তন রোগী কল্যাণ সমিতির সদস্য পদে ছিলেন অতীন বাবু। ঘটনার তদন্তে একাধিকবার উঠে আসে অতীন ঘোষের নাম। এর আগে, সমিতির চেয়ারম্যান শ্রীরামপুরের বিধায়ক ডাঃ সুদীপ্ত রায়ের বাড়িতেও অভিযান চালায় সিবিআই।

উল্লেখ্য, এই মামলায় গ্রেফতার করা হয়েছে RG KAR-এর প্রাক্তন অধ্যক্ষ ড. সন্দীপ ঘোষকে।

এদিকে, নির্বাচনে পর্যুদস্থ করার জন্যই, বিভিন্ন কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে শাসক দলের নেতাদের হেনস্থা করা হচ্ছে বলে অভিযোগ করেছেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষের বিরুদ্ধে 'আপত্তিকর' মন্তব্যের প্রেক্ষিতে কলকাতার নগর দায়েরা আদালতের চিফ জুডিশিয়াল মেজিস্ট্রেট অভয়ার বাবাকে আগামী ১১'ই সেপ্টেম্বর সকাল সাড়ে ১০টার সময় আদালতে হাজির হয়ে জবাবদিহি করার নির্দেশ দিয়েছেন। তবে, সশরীরে হাজির না হয়ে তিনি তাঁর

আইনজীবি অথবা লিগাল-এইড কর্তৃপক্ষের মাধ্যমে'ও স্বপক্ষে বক্তব্য পেশ করতে পারবেন।

*************************

উত্তর ২৪ পরগনার কদম্বগাছির উলা গ্রামে এক নাবালিকার সদ্যজাত সন্তানের পিতৃ পরিচয়কে ঘিরে শোরগোল বেঁধেছে। সদ্যজাত শিশুর পিতৃ পরিচয় হিসেবে উঠে এসেছে স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতার ভাইপোর নাম। পরিবারের অভিযোগ, কদম্বগাছি পঞ্চায়েতের উপ-প্রধান হাসিবুল আজাদের ভাইপো ইমরান মোল্লা, ঐ নাবালিকাকে টিউশন থেকে ফেরার সময় একাধিক বার ধর্ষণ করে। পরিবার ও স্থানীয়দের কাউকে কিছু জানালে প্রাণনাশের হুমকিও দেওয়া হয়। চলতি মাসের ১৯ তারিখ পেটের ব্যথা নিয়ে হাসপাতালে ভর্তি হলে জানা যায় মেয়েটি সন্তানসম্ভবা। গত ২৭ সে আগস্ট বারাসাত জেলা হাসপাতালে একটি কন্যা সন্তানের জন্ম দেয় সে। এরপরই নাবালিকা গোটা ঘটনার কথা বাড়িতে জানায়। পরিবারের সদস্যদের দাবী, মেয়েটির শারীরিক অবস্থা তাঁকে দেখে বোঝা যায়নি। গোটা ঘটনায় ইমরান মোল্লার গ্রেপ্তারীর দাবী জানিয়েছে নাবালিকার পরিবার।

*************************

আজ জাতীয় ক্রীড়া দিবস। কিংবদন্তী হকি খেলোয়াড় মেজর ধ্যানচাঁদের জন্মদিন উপলক্ষ্যে প্রতিবছর দিনটি পালিত হয়ে থাকে। এবছরের ভাবনা– 'শান্তিময় এবং অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে খেলাধুলো'। কেন্দ্রীয় যুব কল্যাণ ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডবিয়া বলেছেন, ক্রীড়া দক্ষতা বাড়াতে ভারত প্রথম 'মন্ড ট্রাক' গড়ে তুলেছে।

( বাইট- মনসুখ ৭-৫০ )

জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে একটি প্রতিবেদন-

( ক্যাপসুল- কাশফিন )

*************************

ক্রীড়া এবং বিজ্ঞান কি ভাবে একে অপরের সঙ্গে যুক্ত এবং খেলাধূলার উন্নতিতে ও প্রশিক্ষণে বিজ্ঞান কিভাবে কাজ করে  সে বিষয়ে আজ জাতীয় ক্রীড়া দিবসে কলকাতার সায়েন্স সিটিতে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার সহযোগিতায় এই অনুষ্ঠানে অ্যাথলিট হিমাশ্রী রায় তাঁর জীবনের অভিজ্ঞতার কথা তুলে ধরেন। সায়েন্স সিটির অধিকর্তা প্রমোদ গ্রোভার বলেন, ক্রীড়া চরিত্র গঠন শৃঙ্খলা ও দলগত মনোভাব তৈরিতে গুরুত্বপুর্ন ভূমিকা পালন করে।

*************************

নৈহাটি স্টেডিয়ামে কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ইস্টবেঙ্গল ৩-১ গোলে কালীঘাট মিলন সংঘকে হারিয়ে দিয়েছে। ইষ্টবেঙ্গল ১১ ম্যাচে ২৩ পয়েন্ট সংগ্রহ করে গ্রুপ বি  শীর্ষে থেকে লিগ পর্ব শেষ করেছে।

*************************

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রয়াণ বার্ষিকীতে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে। বিদ্রোহী কবি তার গানে, কবিতায় পরাধীন ভারতের মানুষের কথা তুলে ধরেন। প্রেরণা জুগিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। বিদ্রোহী কবির প্রয়াণ বার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

*****************************************************************